

## মেধাবীদের বৃত্তি দিল প্রাইম ব্যাংক

নিজস্ব প্রতিবেদক >

প্রতিষ্ঠানের সামাজিক দায় (সিএসআর) থেকে এ বছর ৩৭২ জন গরিব ও মেধাবী শিক্ষার্থীকে বৃত্তি দিলে প্রাইম ব্যাংক। গতকাল পনিবার রাজধানীর ফার্মগেটে কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে শিক্ষার্থীদের মধ্যে বৃত্তির প্রথম কিস্তির অর্থ বিতরণ করেন 'গভর্নর' ড. অতিউর রহমান।

অনুষ্ঠানে 'গভর্নর বলেন, আমাদের সমাজে দেখা যায়, টাকার অভাবে অনেক ছাত্রছাত্রী লেখাপড়া চালু রাখতে পারছে না। এভাবে দরিদ্র মেধাবীরা উচ্চশিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। এ সমস্যার পরিপ্রেক্ষিতে আমরা ব্যাংকগুলোর সামাজিক দায়বদ্ধতা বা সিএসআরের প্রতি বিশেষভাবে জোর দিয়েছি। সমাজের অভাবগ্রস্ত ও সুবিধাবঞ্চিত মানুষের শিক্ষা, চিকিৎসা ও আয়-উৎসারী কর্মকাণ্ডে সহায়তা দেওয়ার জন্য ব্যাংকগুলোকে নির্দেশনা দিয়েছি। আমরা সিএসআর ব্যয়ের ন্যূনতম ৩০ শতাংশ শিক্ষা খাতে ব্যয় করার নির্দেশনা দিয়েছি। আমরা চাই, ব্যাংকগুলো মুনাফার একটা অংশ ব্যয় করবে দারিদ্র্যপীড়িত মানুষের জন্য। প্রাইম ব্যাংক একটি ফাউন্ডেশন গঠনের মাধ্যমে শিক্ষা খাতের পাশাপাশি স্বাস্থ্য ও ক্রীড়া খাতেও পুনঃগঠিতভাবে সিএসআর কার্যক্রম চালিয়ে যাচ্ছে।

প্রাইম ব্যাংকের চেয়ারম্যান আজম জে চৌধুরী বলেন, ব্যাংক খাতে এখন অনেক অনিয়মের ঘটনা ঘটছে। এদের শাস্তি দিতে না পারলে অনিয়ম আরো বাড়বে। এ বিষয়ে বাংলাদেশ ব্যাংকের অবস্থান নিশ্চিত করতে বলেন তিনি। অনুষ্ঠানে জানানো হয়, প্রাইম ব্যাংক ফাউন্ডেশন শিক্ষা সহায়তা কর্মসূচির আওতায় ২০০৭ সাল থেকে এ পর্যন্ত মোট দুই হাজার ৪৪৫ জন মেধাবী ছাত্রছাত্রীকে বৃত্তি দিয়েছে। বক্তব্য দেন প্রাইম ব্যাংক ফাউন্ডেশনের সিইও ড. ইকবাল আনোয়ার।